

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৪

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৮. জানাবাতের গোসল করার নিয়ম

باب الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ شَوْكَرٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنْ عُرْوَةَ الْهَمْدَانِيِّ، حَدَّثَنَا الشَّعْبِيُّ، قَالَ قَالَتْ عَائِشَةُ رضى الله عنها لَئِنْ شِئْتُمْ لأُرِيَنَّكُمْ أَثَرَ يَدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي الْحَائِطِ حَيْثُ كَانَ يَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ .

_ ضعيف

বাংলা

২৪৪। শা'বী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ (রাঃ) বলেছেন, তোমরা দেখতে চাইলে আমি দেয়ালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর হাতের চিহ্ন তোমাদের দেখিয়ে দিতে পারি; যেখানে তিনি জানাবাতের গোসল করতেন।[1]

দুর্বল।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

If you want, I can certainly show you the marks of the hand of the Messenger of Allah (ﷺ) on the wall where he took a bath because of sexual defilement.

ফুটনোট

[1] আহমাদ (৬/২৩৬), 'উরওয়াহ সূত্রে। এর সনদে শা'বী ও 'আয়িশাহর মাঝে বিচ্ছিন্নতা (ইনকিতা) হয়েছে। 'আত-তাহযীব' গ্রন্থে রয়েছে, শা'বী আয়িশাহ থেকে এবং ইবনু মাসঊদ থেকেও কিছুই শুনেননি। এটি ইবনু আবূ



হাতিম 'মারাসিল' গ্রন্থে শা'বী থেকে আয়িশাহ সূত্রে মুরসাল বর্ণনা হিসেবে উদ্ধৃত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛮 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন